

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৪টি প্রতিষ্ঠানকে ১.৩১ লক্ষ টাকা জরিমানা

১৮ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে পাবনা, কুড়িগ্রাম, বগুড়া, যশোর, পিরোজপুর ও ঝিনাইদহে আজ বাজার তদারকি করা হয়।

পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ.এস.এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রামের রাজারহাট উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার শাহজাহানপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৮০,০০০/- (আশি হাজার) টাকা, যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে যশোর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, পিরোজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়া'র নেতৃত্বে পিরোজপুরের নাজিরপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা, ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সূচন্দন মন্ডলের নেতৃত্বে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকাসহ মোট ১,২৩,৫০০/- (এক লক্ষ তেইশ হাজার পাঁচশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আল সামি ড্রাগ হাউজ, দরবার-ই-ইন্ডিয়া, ক্যাফে থিয়েটার ও নান্না বিরিয়ানীকে যথাক্রমে ২,০০০/- (দুই হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকাসহ মোট ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৪জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,৮৭৫/- (এক হাজার আটশত পঁচাত্তর) টাকা প্রদান করা হয়।

আজকের ৬টি বাজার তদারকি ও ৪টি অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৪টি প্রতিষ্ঠানকে মোট ১,৩১,০০০/- (এক লক্ষ একত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে ৪ জন অভিযোগকারীকে মং ১,৮৭৫/- (এক হাজার আটশত পঁচাত্তর) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, খুলনা, রাজশাহী ও রংপুর মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, পাবনা, কুড়িগ্রাম, বগুড়া, যশোর, পিরোজপুর ও ঝিনাইদহ।
- ৭। পুলিশ সুপার, পাবনা, কুড়িগ্রাম, বগুড়া, যশোর, পিরোজপুর ও ঝিনাইদহ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।